“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৫৩৭
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

## বিকিরণ স্থাপনায় ব্যবহৃত বিকিরণ উৎসের জন্য আমদানি/রপ্তানি পারমিট গ্রহণের সাধারণ নিয়মাবলী

১। **পারমিট গ্রহণের প্রযোজ্যতা:**

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (বাপশনি) আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা-১৯৯৭ এর বিধি-১১ অনুযায়ী সকল তেজস্ক্রিয় পদার্থ অথবা বিকিরণ উৎস বা যন্ত্রপাতি।

২। **পারমিট আবেদনের পূর্বশর্ত:**

**(ক)** তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানি/রপ্তানি পারমিটের আবেদন করার জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে বৈধ আমদানি ও রপ্তানি (ঙ-শ্রেণি) লাইসেন্সধারী হতে হবে।

**(খ)** সরকার কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;

**(গ)** আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি সমূহ যেসকল প্রতিষ্ঠানে সংস্থাপন করা হবে সেকল প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মেশিন/তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারের জন্য পানিবিনি বিধিমালা-১৯৯৭ এর বিধি-১০.২ অনুযায়ী যথাযথ রেগুলেটরী ফি প্রদান করে ব্যবহারিক লাইসেন্স (**ক-শ্রেণি/গ-শ্রেণি/ক ও গ উভয় শ্রেণি**) এর জন্য আবেদনের ব্যবস্থা করতে হবে। অন্যথায় পারমিট প্রদানে অতিরিক্ত রেগুলেটরী চাহিদা প্রদানের বাধ্যবাধকতা থাকতে পারে।

৩। **আবেদনের নিয়মাবলী:**

(ক) তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানি/রপ্তানির লক্ষ্যে পারমিটের আবেদন করার জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর **ওয়েবসাইট (লিংক)** অথবা বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলার বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ **(কক্ষ নং-১০৩)** হতে আমদানি ও রপ্তানি আবেদন ফরম (**তফসিল-১৮**) সংগ্রহ করতে হবে। আবেদন ফরমের মূল্য ২০/-(বিশ) টাকা।

**(খ)** সংগৃহীত আবেদন ফরমটির প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ করতে হবে। **আবেদন ফরম পূরণের ক্ষেত্রে অবশ্যই নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে-**

i) আবেদনকারীর/লাইসেন্সধারীর প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্স, আমদানি ও রপ্তানি লাইসেন্স এবং Proforma Invoice ও LC এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

ii) আমদানি/রপ্তানীকারক দেশের নাম, লোডিং ও খালাসকারী বন্দরের নাম যথাযথভাবে লিখতে হবে।

iii) আমদানি/রপ্তানিতব্য তেজস্ক্রিয় পদার্থ অথবা বিকিরণ উৎস বা যন্ত্রপাতি এর পূর্ণ বিবরণ, পরিবহনের মাধ্যম ও প্যাকেজিং এর ধরণ যথাযথভাবে উল্লেখ করতে হবে।

(গ) লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তি আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) দাখিল করতে হবে;

(ঘ) LC খোলার পরপরই বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর আমদানি পারমিট এর জন্য আবেদন করতে হবে।

৪। **প্রযোজ্য পারমিট ফি**

(ক) পানিবিনি বিধিমালা-১৯৯৭ এর তফসিল-৭ অনুযায়ী আমদানি/রপ্তানি পারমিট ফি বাবদ উল্লেখিত সি এন্ড এফ মূল্যের ২% হারে সমপরিমাণ অর্থ টাকায় প্রদান করতে হবে প্রযোজ্য ক্ষেত্রে **অফিস আদেশ-৩২/২০২০ (লিংক)** অনুসরণ করতে হবে। প্রদানকৃত আমদানি/রপ্তানি পারমিট ফি এর উপর ১৫% ভ্যাট প্রদান করতে হবে। এক্ষেত্রে ফি ও ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে **“বাপশনিক রেগুলেটরি ফি”** অথবা **”BAERA Regulatory Fee”** শিরোনামে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান পূর্বক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। **উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত কোন নগদ অর্থ গ্রহণ করা হয় না এবং**

(খ) আমাদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি অবশ্যই একটি একক ইনভয়েস এ উল্লেখ থাকতে হবে। অন্যথায় আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির সহিত আনুসঙ্গিক কোন যন্ত্রপাতি একসঙ্গে একটি ইনভয়েস এ উল্লেখিত থাকলে উক্ত ইনভয়েস কে একক ইনভয়েস হিসাবে গণ্য করা হবে এবং উক্ত ইনভয়েস এর সর্বমোট ‘সি এন্ড এফ’ মূল্যের উপর ২% হারে পারমিট ফি প্রদান করতে হবে।

৪। **প্রযোজ্য Document:** পূরণকৃত ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাদি অবশ্যই দাখিল করতে হবে-

(ক) আমদানি/রপ্তানি পারমিট প্রাপ্তির লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনপত্র;

(খ) লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) হালনাগাদকৃত আমদানি/রপ্তানি লাইসেন্স (ঙ-শ্রেণি) এর কপি;

(ঘ) ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত হালনাগাদ (up to date) ট্রেড লাইসেন্সের ফটোকপি;

(ঙ) রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত যথাযথভাবে স্বাক্ষরিত এবং সীলমোহরকৃত ইনভয়েস/Contract Agreement-এর কপি;

(চ) আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানির জন্য ব্যাংক থেকে প্রদত্ত LC এর কপি;

(ছ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ইস্যুর তারিখে মুদ্রার বিনিময় হার সংক্রান্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(জ) আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির ক্যাটালগ; এবং

(ঝ) ISO/IEC এর মান অনুযায়ী বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র তৈরি হয়েছে কিনা সে বিষয়ে রপ্তানিকারক দেশের Standard Institute/Competent Authority কর্তৃক প্রদানকৃত Type Approval Certificate/Inspection Report এর কপি।

৫। বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি **আমদানির ক্ষেত্রে অনুচ্ছেদ-৪ এ বর্ণিত document সহ নিম্নলিখিত অতিরিক্ত document প্রদান করতে হবে-**

(ক) পূর্বে পারমিটের মাধ্যমে আমদানিকৃত বিকিরণ উৎপাদনকারী যন্ত্রসমূহ যে সকল প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হয়েছে তাদের পূর্ণ ঠিকানা সম্বলিত তালিকা এবং

(খ) পূর্বে পারমিটের মাধ্যমে আমদানিকৃত বিকিরণ উৎপাদনকারী যন্ত্রের সংস্থাপন সংক্রান্ত Acceptence Test, Instalation এবং Commissioning রিপোর্ট এর কপি।

৬। **তেজস্ক্রিয় পদার্থ আমদানি/রপ্তানির ক্ষেত্রে অনুচ্ছেদ-৪ এ বর্ণিত document সহ নিম্নলিখিত অতিরিক্ত document প্রদান করতে হবে-**

(ক) Radioactive Material Transport এর ক্ষেত্রে Package Design সংক্রান্ত Certificate এবং Special form of Radioactive Certificate ;

(খ) Radioactive Source এর Specification সহ Decay Chart এর কপি;

(গ) সিলকৃত তেজস্ক্রিয় পদার্থসমূহ (SRS) আমদানির ক্ষেত্রে তাদের ব্যবহার উপযোগিতা শেষে উৎপাদক/প্রস্তুতকারক দেশের নিকট ফেরত পাঠানোর চুক্তিপত্রের কপি;

(ঘ) Radioactive Materials বহনকারী Container এর Valid Maintenence Certificate এর কপি এবং

(ঙ) তেজস্ক্রিয় উৎসের পরিবহণ এবং Carrier সংক্রান্ত তথ্য।

৭। আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি বন্দর থেকে খালাস করার কমপক্ষে একমাস পূর্বে পারমিটের জন্য যথাযথ তথ্যাদিসহ আবেদন করতে হবে।

উপরোক্ত বিষয়ে আরো অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে এবং যথাযথ অগ্রায়নপত্র ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

**বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩ ও ৩০১)**
**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**ফোন: ০২-২২২২১৮২৬৭ (কক্ষ নং-১০৩), ০২-২২২২১৮৫৩৭ (কক্ষ নং-৩০১)**